

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৮১১

(كتاب الأدب عن رسول الله ﷺ) পিষ্টাচার

পরিচ্ছেদঃ ৪৭. পুরুষদের লাল রং এর পোশাক পরিধান অবকাশ প্রসঙ্গে

আরবী

حَدَّقَنَا هَنَّادٌ، حَدَّقَنَا عَبْقُرُ بْنُ الْقَاسِمِ، عَنِ الْأَشْعَتِ، وَهُوَ ابْنُ سَوَّارٍ عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ، قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فِي لَيْلَةٍ إِضْحِيَانٍ فَجَعَلْتُ جَابِرِ بْنِ سَمُرَةَ، قَالَ رَأَيْتُ رَسُولَ الله عليه وسلم وَإِلَى الْقَمَرِ وَعَلَيْهِ حُلَّةٌ حَمْرَاءُ فَإِذَا هُوَ عِنْدِي أَنْظُرُ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَإِلَى الْقَمَرِ وَعَلَيْهِ حُلَّةٌ حَمْرَاءُ فَإِذَا هُوَ عِنْدِي أَخْسَنُ مِنَ الْقَمَرِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ الْأَشْعَث .

وَرَوَى شُعْبَةُ، وَالثَّوْرِيُّ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِب، قَالَ رَأَيْتُ عَلَى رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم حُلَّةً حَمْرَاءَ. حَدَّتَنَا بِذَلِكَ مَحْمُودُ بْنُ غَيْلاَنَ حَدَّتَنَا وَكِيعٌ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ أَبِي إِسْحَاقَ وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا مَحَمَّدُ بْنُ جَعْفَرٍ حَدَّتَنَا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَاقَ بِهَذَا . وَفِي الْحَدِيثِ كَلاَمٌ أَكْثَرُ مِنْ هَذَا . قَالَ سَأَلْتُ مُحَمَّدًا قُلْتُ لَهُ حَدِيثُ أَبِي إِسْحَاقَ عَنِ الْبَرَاءِ أَصِبَحُ أَوْ حَدِيثُ جَابِرِ بْنِ سَمُرَةَ فَرَأَى كِلاَ الْحَدِيثَيْنِ صَحَدِيتًا . وَفِي الْبَرَاءِ أَصِبَحُ أَوْ حَدِيثُ جَابِرِ بْنِ سَمُرَةَ فَرَأَى كِلاَ الْحَدِيثَيْنِ صَحَدِيتًا . وَفِي الْبَرَاءِ وَأَبِي جُحَيْفَةَ .

বাংলা

২৮১১। জাবির ইবনু সামুরা (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেনঃ এক জোছনা রাতে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামকে তাকিয়ে দেখলাম। তার পরনে ছিল একজোড়া লাল রং-এর পোশাক। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দিকে এবং চাঁদের দিকে তাকাতে লাগলাম। তিনিই আমার কাছে চাঁদের চাইতে অধিক সুন্দর মনে হল।

যঈফ, মুখতাসার শামায়িল (৮)। উহাকে সাহীহ বলা ভুল।

আবৃ ঈসা বলেনঃ এ হাদীসটি হাসান গারীব। আমরা শুধুমাত্র আশআসের রিওয়ায়াত হিসাবে এ হাদীস জেনেছি।



শুবা ও সুফিয়ান সাওরী তারা উভয়েই আবূ ইসহাক হতে বারাআ ইবনু আযিব (রাঃ)-এর সূত্রে বর্ণনা করেছেন তিনি বলেনঃ "আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পরনে একজোড়া লাল পোশাক দেখেছি"। সহীহ পূর্বে ১৭২৪ নং হাদীসটি বার্ণিত হয়েছে -

মাহমূদ ইবনু গাইলান-ওয়াকী হতে তিনি সুফিয়ান হতে তিনি আবূ ইসহাক হতে তিনি মুহাম্মাদ ইবনু বাশশার হতে তিনি মুহাম্মাদ ইবনু জাফর হতে তিনি শুবা হতে তিনি আবূ ইসহাক হতে উপরোক্ত হাদীস বর্ণনা করেছেন। এ হাদীসে আরো অধিক কথা আছে। আমি মুহাম্মাদকে প্রশ্ন করলাম, আবূ ইসহাক-আল-বারাআ (রাঃ) সূত্রে বর্ণিত হাদীসটি বেশি সহীহ না জাবির ইবনু সামুরা (রাঃ)-এর সূত্রে বর্ণিত হাদীসটি? তিনি উভয় হাদীস সহীহ বলে মত দিয়েছেন। এ অনুচ্ছেদে বারাআ ও আবূ জুহাইফা (রাঃ) হতেও হাদীস বর্ণিত আছে।

English

Narrated Jabir Bin Samurah:

"I saw the Prophet (ﷺ) on a clear night, so I looked at the Messenger of Allah (ﷺ) and at the moon, and he was wearing a red Hullah, and he looked better than the moon to me."

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন